# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

ওয়েব সাইট: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-　　　　　　　　　　　　　　　　তারিখ: ১৩.১০.২০১৮

## বিজয় দিবস ২০১৮ প্রতিযোগিতার বিজ্ঞপ্তি

সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহে **১৭ অক্টোবর ২০১৮** বিজয় দিবস প্রতিযোগিতা ২০১৮ আয়োজন করা হয়েছে। কলেজ পর্যায়ে বিজয়ী শিক্ষার্থীরা পর্যায়ক্রমে উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

| ক্রমিক | প্রতিযোগিতার বিষয় | শ্রেণি | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | বিজয় ফুল তৈরি: (কেবল উচ্চমাধ্যমিক) | দ্বাদশ শ্রেণি<br>একাদশ শ্রেণি | ৯:৩৫-১০:২০ টা<br>৩:৩০-৪:১৫ টা | নিজ শ্রেণি কক্ষ<br>নিজ শ্রেণি কক্ষ |
| ২ | গল্প রচনা | সকল শ্রেণি | ১২:০০ টা | কক্ষ নং ২০৯/২১৬ |
| ৩ | কবিতা রচনা | সকল শ্রেণি | ১২:০০ টা | কক্ষ নং ২১১/২১৬ |
| ৪ | উদ্বোধনী অনুষ্ঠান | সকল শ্রেণি | ১০:২০ টা | নিচতলা হলরুম |
| | কবিতা আবৃত্তি | সকল শ্রেণি | ১০:৩০ টা | কক্ষ নং ২১২ |
| ৫ | চিত্রাঙ্কন | সকল শ্রেণি | ১১:০০ টা | কক্ষ নং ২০৮ |
| ৬ | একক অভিনয় | সকল শ্রেণি | ১১:৩০ টা | নিচতলা হলরুম |
| ৭ | দেশাত্মবোধক সংগীত | সকল শ্রেণি | ১২:০০ টা | নিচতলা হলরুম |
| ৮ | জাতীয় সংগীত | সকল শ্রেণি | ১০:৩০ টা | নিচতলা হলরুম |
| ৯ | চলচ্চিত্র নির্মাণ | সকল শ্রেণি | ১২:০০ টা<br>(১০ নভেম্বর ২০১৮) | কক্ষ নং ২১৬ |

| প্রতিযোগিতার পর্যায় ও তারিখ | | |
|---|---|---|
| | পর্যায় | তারিখ |
| ১ | নিজ শিক্ষা প্রতিষ্ঠান | ১৭ অক্টোবর ২০১৮ |
| ২ | উপজেলা | ২০ অক্টোবর ২০১৮ |
| ৩ | জেলা | ২৩ অক্টোবর ২০১৮ |
| ৪ | বিভাগীয় | ২৭ অক্টোবর ২০১৮ |
| ৫ | জাতীয় | ২৩ ডিসেম্বর ২০১৮ |

**গ্রুপ:**

**ক গ্রুপ:** উচ্চ মাধ্যমিক শ্রেণি

**খ গ্রুপ :** অনার্স-মাস্টার্স শ্রেণি

উক্ত দু'গ্রুপে বিজয়ীদেরকে বিজয় দিবস উদ্‌যাপন অনুষ্ঠান (ডিসেম্বর ২০১৮)-এ পুরস্কার ও সনদপত্র দেয়া হবে।
**'ক' গ্রুপের বিজয়ীদেরকে পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রেরণ করা হবে।**

## বিজয় দিবস ২০১৮ প্রতিযোগিতার নিয়মাবলি

### ক) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা:

১. ১৭ অক্টোবর ২০১৮ একাদশ ও দ্বাদশ শ্রেণির সকল সেকশনের সকল শিক্ষার্থী ৩য় পিরিয়ডে (পূর্ণ সময়) শ্রেণিকক্ষে বসে নিজস্ব উপকরণ দ্বারা এককভাবে এক বা একাধিক 'শাপলা ফুল' (জাতীয় ফুল) তৈরি করবে। শ্রেণির সকল শিক্ষার্থী এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

২. ফুলের উল্টো পিঠে নাম, শ্রেণি, রোল ও সেকশন লিখতে হবে।

৩. প্রতি সেকশনের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীকে তাৎক্ষণিক পুরস্কৃত করা হবে।

৬. প্রতি সেকশনের বিজয়ীদের ৩টি ফুল ব্যতীত অবশিষ্ট সকল ফুল শ্রেণি শিক্ষক শ্রেণি প্রতিনিধির মাধ্যমে শ্রেণিকক্ষের সামনে সাজিয়ে রাখবেন।
৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত ফুলগুলো এভাবে সাজিয়ে রাখতে হবে।
বিজয়ীদের ফুল দ্বারা বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের মূলমঞ্চ সাজানো হবে।

৭. প্রস্তুতকৃত শাপলা ফুলের পাঁপড়ি হবে ৭টি। সবুজ জমিনে সাদা রঙ-এর ম্যাটারিয়ালে এ ফুল তৈরি করতে হবে। ফুলের দৈর্ঘ্য হবে ৬ সেন্টিমিটার এবং প্রস্থ আনুপাতিক।

৮. কাগজ, আর্ট পেপার, কাপড়, প্লাস্টিক, কর্কশিট ইত্যাদি যে কোনো সামগ্রী ব্যবহার করে এ ফুল তৈরি করা যাবে।

৯. স্কেল, কেচি, গ্লুস্টিক/গাম ইত্যাদি উপকরণ শিক্ষার্থীর নিজস্ব।

৯. তথ্য মন্ত্রণালয় কর্তৃক টেলিভিশনে প্রচারিত 'বিজয় ফুল' তৈরি প্রক্রিয়ার ভিডিও ক্লিপ অনুকরণ করা যাবে।

**খ) গল্প রচনা প্রতিযোগিতা:**

মুক্তিযুদ্ধভিত্তিক গল্প (নিজের রচিত) লিখে ১৭ অক্টোবর ২০১৮ বেলা ১২টার সময় বাংলা বিভাগের সহকারী অধ্যাপক পার্থ বাড়ৈ (কক্ষ নং ২০৯/২১৬) - এর নিকট জমা দিতে হবে।

**গ) কবিতা রচনা প্রতিযোগিতা:**

মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা (স্বরচিত) লিখে ১৭ অক্টোবর ২০১৮ বেলা ১২টার সময় বাংলা বিভাগের সহকারী অধ্যাপক রেজাউল আহমেদ (কক্ষ নং ২১১/২১৬) এর নিকট জমা দিতে হবে।

**ঘ) কবিতা আবৃত্তি প্রতিযোগিতা:**

১. ১৭ অক্টোবর ২০১৮ সকাল ১০:৩০ টায় ২১২ নং কক্ষে মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২. প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে ১৫ অক্টোবর ২০১৮ এর মধ্যে ১নং অ্যাকাডেমিক ভবনের নিচতলায় রক্ষিত বাক্সে প্রতিযোগিতার বিষয়, প্রতিযোগীর নাম, শ্রেণি, সেকশন/বিভাগ ও রোল নম্বর লিখে প্রতিযোগীর পরিচিতি জমা দিতে হবে।

**ঙ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:**

১. ১৭ অক্টোবর ২০১৮ সকাল ১১:০০ টায় ২০৮ নং কক্ষে মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২. প্রতিযোগিতার কাগজ কলেজ সরবরাহ করবে।

৩. প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে ১৫ অক্টোবর ২০১৮ এর মধ্যে ১নং অ্যাকাডেমিক ভবনের নিচতলায় রক্ষিত বাক্সে প্রতিযোগিতার বিষয়, প্রতিযোগীর নাম, শ্রেণি, সেকশন/বিভাগ ও রোল নম্বর লিখে প্রতিযোগীর পরিচিতি জমা দিতে হবে।

**চ) একক অভিনয় প্রতিযোগিতা:**

১. ১৭ অক্টোবর ২০১৮ সকাল ১১:৩০ টায় নিচতলার হলরুমে মুক্তিযুদ্ধভিত্তিক একক অভিনয় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২. প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে **১৫ অক্টোবর ২০১৮** এর মধ্যে ১নং অ্যাকাডেমিক ভবনের নিচতলায় রক্ষিত বাক্সে প্রতিযোগিতার বিষয়, প্রতিযোগীর নাম, শ্রেণি, সেকশন/বিভাগ ও রোল নম্বর লিখে প্রতিযোগীর পরিচিতি জমা দিতে হবে।

৩. প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর পোশাক, সাজসজ্জা ইত্যাদি উপকরণ প্রতিযোগীর নিজস্ব।

৪. প্রতি প্রতিযোগীর সময় সর্বোচ্চ ৫ মিনিট।

**ছ) চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতা:**

১. ক্যামেরা, মোবাইল ফোনসহ যেকোনো ডিভাইস/ফরমেটে চলচ্চিত্র নির্মাণ করা যাবে।

২. চলচ্চিত্রের বিষয়বস্তু হবে মুক্তিযুদ্ধভিত্তিক।

৩. চলচ্চিত্রের দৈর্ঘ্য হবে সর্বনিম্ন ১ মিনিট ও সর্বোচ্চ ৩ মিনিট।

৪. নির্মিত চলচ্চিত্র পেনড্রাইভ বা ভিডিও ফরমেটে জমা দেয়া যাবে।

৫. চলচ্চিত্রের মূলভাব ও কাহিনি বাংলায় লিখে সফ্‌ট কপি জমা দিতে হবে।

৬. ১০ নভেম্বর ২০১৮ এর মধ্যে নির্মিত চলচ্চিত্রের সফট্ কপি বাংলা বিভাগের সহকারী অধ্যাপক মীর মোহাম্মদ জহিরুল ইসলাম (কক্ষ নং ২১৬) এর নিকট জমা দেয়া যাবে।
চলচ্চিত্রের সফট্ কপি নিম্নোক্ত ইমেইলে প্রেরণ করা যাবে: film@dcc.edu.bd

৭. চলচ্চিত্র প্রতিযোগিতা কলেজ পর্যায়ে ১০ নভেম্বর ২০১৮, জেলা পর্যায়ে ১৫ নভেম্বর ২০১৮ ও জাতীয় পর্যায়ে ২৫ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।
উপজেলা ও বিভাগীয় পর্যায়ে চলচ্চিত্র প্রতিযোগিতা হবে না।

**জ) দেশাত্মবোধক সংগীত প্রতিযোগিতা** (দলগত):

১. দলগত প্রতিযোগিতার প্রাথমিক বাছাইয়ের জন্য এককভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
২. প্রতিযোগিতায় অংশগ্রহণ ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে **১৫ অক্টোবর ২০১৮** এর মধ্যে ১নং অ্যাডেমিক ভবনের নিচতলায় রক্ষিত বাক্সে প্রতিযোগিতার বিষয়, প্রতিযোগীর নাম, শ্রেণি, সেকশন/বিভাগ ও রোল নম্বর লিখে প্রতিযোগীর একক পরিচিতি জমা দিতে হবে।

**ঝ) জাতীয় সংগীত প্রতিযোগিতা** (দলগত):

১. দলগত প্রতিযোগিতার প্রাথমিক বাছাইয়ের জন্য এককভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
২. প্রতিযোগিতায় অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদেরকে **১৫ অক্টোবর ২০১৮** এর মধ্যে ১নং অ্যাডেমিক ভবনের নিচতলায় রক্ষিত বাক্সে প্রতিযোগিতার বিষয়, প্রতিযোগীর নাম, শ্রেণি, সেকশন/বিভাগ ও রোল নম্বর লিখে প্রতিযোগীর একক পরিচিতি জমা দিতে হবে।

**প্রকাশনা:**

বিজয় দিবস উদযাপন ২০১৮ উপলক্ষ্যে প্রকাশিতব্য কলেজ স্মরণিকায় নিম্নোক্ত বিষয় প্রকাশ করা হবে:

১. প্রতিযোগিতার ফলাফল (বিজয়ীদের নাম ও ছবিসহ)
২. পুরস্কৃত শাপলা ফুলের ছবি।
৩. পুরস্কৃত মুক্তিযুদ্ধভিত্তিক গল্প রচনা।
৪. পুরস্কৃত মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা রচনা।
৫. পুরস্কৃত চিত্রাঙ্কন এর ছবি।
৬. পুরস্কৃত চলচ্চিত্রের মূলভাব ও কাহিনি।
৭. পুরস্কৃত চলচ্চিত্র কলেজ ওয়েবসাইট ও কলেজ চ্যানেলে সম্প্রচার করা হবে।
জাতীয় পর্যায়ে পুরস্কৃত চলচ্চিত্র তথ্য মন্ত্রণালয় কর্তৃক টেলিভিশনে সম্প্রচার করা হবে।
৮. জাতীয় পর্যায়ে পুরস্কৃত মুক্তিযুদ্ধভিত্তিক গল্প রচনা ও কবিতা রচনা চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক গ্রন্থে প্রকাশ করা হবে।

**বিজয় ফুল উৎসব:**

১-১৬ ডিসেম্বর ২০১৮ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের মতো ঢাকা কমার্স কলেজে 'বিজয় ফুল উৎসব' আয়োজন করা হবে।

**বিজয় ফুল ব্যাজ:**

ঢাকা কমার্স কলেজে বিজয় দিবস ২০১৮ উদ্যাপন মূল অনুষ্ঠানে সকল শিক্ষার্থীকে নিজস্ব তৈরি বা ক্রয়কৃত 'বিজয় ফুল ব্যাজ' (ছোট আকারের শাপলা ফুল) পরিধান করতে হবে। বিজয় ফুল উৎসবে শিক্ষার্থীরা নিচতলার হলরুমে 'বিজয় ফুল' ও 'বিজয় ব্যাজ' তৈরি, বিতরণ ও বিক্রয় করবে। শিক্ষার্থীদের 'বিজয় ফুল' ও 'বিজয় ফুল ব্যাজ' বিক্রির অর্থ দ্বারা অসচ্ছল মুক্তিযোদ্ধা ও বিশেষ শিশু কল্যাণ তহবিল গঠন করা হবে। বিজয় ফুল উৎসবে সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে বিজয় ফুল ব্যাজ পরিধানের আহ্বান জানানো হচ্ছে। ব্যাজ তৈরি ও বিক্রয়ের জন্য ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক তন্ময় সরকার (কক্ষ নং- ৬১৬) এর সাথে যোগাযোগ করা যাবে।

**ফুলবন্ধু ফেসবুক গ্রুপ ও 'ভার্চুয়াল বিজয় ফুল' প্রতিযোগিতা :**

'ঢাকা কমার্স কলেজ ফুলবন্ধু' নামে ফেসবুক গ্রুপ খোলা হয়েছে। এ গ্রুপে বর্তমান শিক্ষার্থীরা বিজয় ফুল তৈরি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে। ছবি, গ্রাফিকস ডিজাইন, ফটোশপ, অ্যানিমেশন ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থীরা 'বিজয় ফুল' তৈরি ও আপলোড করতে পারবে। বিজয়ীদের 'ভার্চুয়াল বিজয় ফুল' পুরস্কার দেয়া হবে। গ্রুপটি চলমান থাকবে এবং প্রতি বছর ডিসেম্বর মাসে বিজয় দিবস অনুষ্ঠানে পুরস্কার দেয়া হবে। 'ভার্চুয়াল বিজয় ফুল' প্রতিযোগিতার জন্য সিএসই বিভাগের প্রভাষক মোহাম্মদ শোয়াইবুর রহমান (কক্ষ নং- ১৩০৩) এর সাথে যোগাযোগ করা যাবে।

অধ্যক্ষ
ঢাকা কমার্স কলেজ

আহ্বায়ক
সাংস্কৃতিক কমিটি ২০১৮

# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)
ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৮০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫
ওয়েব সাইট: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৩.১০.২০১৮

## বিজ্ঞপ্তি

সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ অক্টোবর ২০১৮ ছাত্র-ছাত্রীদের জন্য নিম্নোক্ত বিষয়ে বিজয় দিবস প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

| ক্রমিক | প্রতিযোগিতার বিষয় | শ্রেণি | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | বিজয় ফুল তৈরি: (কেবল উচ্চমাধ্যমিক) | দ্বাদশ শ্রেণি<br>একাদশ শ্রেণি | ৯:৩৫-১০:২০ টা<br>৩:৩০-৪:১৫ টা | নিজ শ্রেণি কক্ষ<br>নিজ শ্রেণি কক্ষ |
| ২ | গল্প রচনা | সকল শ্রেণি | ১২:০০ টা | কক্ষ নং ২০৯/২১৬ |
| ৩ | কবিতা রচনা | সকল শ্রেণি | ১২:০০ টা | কক্ষ নং ২১১/২১৬ |
| ৪ | উদ্বোধনী অনুষ্ঠান | সকল শ্রেণি | ১০:২০ টা | নিচতলা হলরুম |
| | কবিতা আবৃত্তি | সকল শ্রেণি | ১০:৩০ টা | কক্ষ নং ২১২ |
| ৫ | চিত্রাঙ্কন | সকল শ্রেণি | ১১:০০ টা | কক্ষ নং ২০৮ |
| ৬ | একক অভিনয় | সকল শ্রেণি | ১১:৩০ টা | নিচতলা হলরুম |
| ৭ | দেশাত্মবোধক সংগীত | সকল শ্রেণি | ১২:০০ টা | নিচতলা হলরুম |
| ৮ | জাতীয় সংগীত | সকল শ্রেণি | ১০:৩০ টা | নিচতলা হলরুম |
| ৯ | চলচ্চিত্র নির্মাণ | সকল শ্রেণি | ১২:০০ টা<br>(১০ নভেম্বর ২০১৮) | কক্ষ নং ২১৬ |

### ১৭ অক্টোবর ২০১৮
### ক্লাস ও বিজয় দিবস প্রতিযোগিতার সময়

**সকাল শিফ্‌ট:** ১ম পিরিয়ড- ৮:০০-৮:৫০ : নিয়মিত ক্লাস
২য় পিরিয়ড- ৮:৫০-৯:৩৫ : নিয়মিত ক্লাস
৩য় পিরিয়ড- ৯:৩৫-১০:২০ : দ্বাদশ শ্রেণির সকল কক্ষে বিজয় ফুল তৈরি প্রতিযোগিতা
: অনার্স ও মাস্টার্স শ্রেণির নিয়মিত ক্লাস

বিজয় দিবস প্রতিযোগিতা: ১০:২০-১২:৩০ নিচতলা হলরুম এবং কক্ষ নং ২০৮, ২১২ ও ২১৬

**বিকাল শিফ্‌ট:** ১ম পিরিয়ড- ২:০০-২:৪৫ : নিয়মিত ক্লাস
২য় পিরিয়ড- ২:৪৫-৩:৩০ : নিয়মিত ক্লাস
৩য় পিরিয়ড- ৩:৩০-৪:১৫ : একাদশ শ্রেণির সকল কক্ষে বিজয় ফুল তৈরি প্রতিযোগিতা

একাদশ ও দ্বাদশ শ্রেণির টিউটোরিয়াল ক্লাস নিয়মিত চলবে।

বিজয় দিবস প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত এবং সকল প্রতিযোগিতা অনুষ্ঠানে সহযোগিতার জন্য সকলকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
ঢাকা কমার্স কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.১৮.০০১.১৫/ ৪৯৬৩৭/৪০০ -- জিএ

তারিখ : ০৮/১০/২০১৮খ্রি.

১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উপলক্ষ্যে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানাবার উদ্দেশ্যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) 'বিজয় ফুল' তৈরী, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজনের নির্দেশনা প্রদান করেছেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.৩৯৭, তারিখ : ০৩/১০/২০১৮খ্রি. মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো (কপি সংযুক্ত)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সকল অঞ্চল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৪। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ, সকল শিক্ষা প্রতিষ্ঠান (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫। উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৬। উপ-পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল, (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৮। জেলা শিক্ষা অফিসার, সকল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯। প্রধানশিক্ষক, সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয়, সকল শিক্ষা প্রতিষ্ঠান (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১। সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
১৩। সংরক্ষণ নথি

০৮.১০.১৮

(মুহাম্মদ জাকির হোসেন)
সহকারী পরিচালক (সা: প্রশা:)
ফোন: ৯৫৫৬৪৩২

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.৩৯৭

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৫
০৩ অক্টোবর ২০১৮

বিষয়: **দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা।**

সূত্র: ১. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৩৯৬, তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০১৮।
২. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৩৯৫, তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উপলক্ষ্যে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানাবার উদ্দেশ্যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদরাসা) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা 'বিজয় ফুল উৎসব' আয়োজনের সাথে অন্যান্য প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহন করা হয়েছে। স্কুল, কলেজ ও মাদরাসা পর্যায়ে দেশের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্ত:শ্রেণি প্রতিযোগিতার মাধ্যমে শুরু হয়ে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা (সকল **প্রতিযোগিতা আগামী ১৭ অক্টোবর শিক্ষা প্রতিষ্ঠানে, ২০ অক্টোবর উপজেলা, ২৩ অক্টোবর জেলা এবং ২৭ অক্টোবর ২০১৮ তারিখে বিভাগীয় পর্যায়ে এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখ)** অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে বাছাইকৃত প্রতিযোগীদের মধ্যে থেকে চূড়ান্ত প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচন করা হবে। দলগত প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব বিভাগীয় পর্যায়ে এবং একক প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব জাতীয় পর্যায়ে সম্পন্ন হবে। এ প্রসংগে গত ২৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বিভাগে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ও এ প্রসঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

২। বর্ণিতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ এর প্রেরিত পত্রের ৩(গ) **অনুচ্ছেদে বিভাগীয় কমিটিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক, ৪(ঘ) অনুচ্ছেদে গঠিত জেলা কমিটিতে জেলা শিক্ষা অফিসার, ৪ (ঙ)অনুচ্ছেদে গঠিত উপজেলা কমিটিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে মনোনয়ন দেয়া হয়েছে।** উক্ত কমিটিসমূহের সদস্যদের আহ্বায়কগনের সাথে সমন্বয় করে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩-১০-২০১৮
মোঃ সারওয়ার হোসেন
উপ-সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ইমেইল: sas_s4@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

**দৃষ্টি আকর্ষণঃ** : সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.৩৯৭/১(৩)

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৫
০৩ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) উপ সচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

Hossain
৩-১০-২০১৮
মোঃ সারওয়ার হোসেন
উপ-সচিব

02 OCT 2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৩৯৬

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫
২৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: <u>দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা।</u>

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উপলক্ষ্যে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানাবার উদ্দেশ্যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদ্রাসা) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা ও 'বিজয় ফুল উৎসব' আয়োজনের সাথে অন্যান্য প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে দেশের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃশ্রেণি প্রতিযোগিতার মাধ্যমে শুরু হয়ে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে বাছাইকৃত প্রতিযোগীদের মধ্য থেকে চূড়ান্ত প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচন করা হবে। **দলগত প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব বিভাগীয় পর্যায়ে এবং একক প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব জাতীয় পর্যায়ে সম্পন্ন হবে।**

| প্রতিযোগিতার বিষয় (মুক্তিযুদ্ধ ভিত্তিক) | |
|---|---|
| একক | দলগত |
| ১. বিজয় ফুল তৈরি, ২. গল্প রচনা, ৩. কবিতা রচনা, ৪. কবিতা আবৃত্তি, ৫. চিত্রাঙ্কন, ৬. একক অভিনয় ৭. চলচ্চিত্র নির্মাণ* | ১. দেশাত্মবোধক সংগীত ২. জাতীয় সংগীত |

*চলচ্চিত্র নির্মাণ শুধুমাত্র নবম থেকে দ্বাদশ শ্রেণির জন্য প্রযোজ্য

০২। প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/মাঠ-পর্যায়ের অফিসসমূহ কর্তৃক অনুসরণীয় বিষয়াবলি:

(ক) **প্রতিযোগিতা আগামী ১৭ অক্টোবর শিক্ষা প্রতিষ্ঠানে, ২০ অক্টোবর উপজেলা, ২৩ অক্টোবর জেলা এবং ২৭ অক্টোবর ২০১৮ তারিখে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।**

(খ) প্রতিযোগিতা তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। <u>গ্রুপ-ক:</u> শিশু থেকে পঞ্চম শ্রেণি; <u>গ্রুপ-খ:</u> ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি এবং <u>গ্রুপ-গ:</u> নবম থেকে দ্বাদশ শ্রেণি। প্রতিযোগিতায় ছেলে ও মেয়ে উভয়ের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে এ কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য যথাযথ নির্দেশনা প্রদান করবে।

(ঘ) তথ্য মন্ত্রণালয় 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) সুষ্ঠুভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ অধীনস্ত স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ২০০০/- (দুই হাজার) টাকা করে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে দ্রুত বরাদ্দ প্রদান করবে। উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত অর্থ পুনর্বরাদ্দ করবেন। পরবর্তীতে অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা মোতাবেক ব্যয়িত অর্থ প্রদান করবে।

(চ) অর্থ বিভাগ উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর অনুকূলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে দ্রুত বরাদ্দ প্রদান করবে।

(ছ) জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে।

(জ) 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতা

১. প্রাথমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২. শিক্ষার্থীগণ নিজ নিজ গ্রুপে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে এককভাবে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

৩. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ১৭ অক্টোবর ২০১৮ তারিখে স্ব স্ব প্রতিষ্ঠানে দিনব্যাপী এ প্রতিযোগিতার আয়োজন করবে। এ

প্রতিযোগিতার পাশাপাশি স্কুল/মাদ্রাসা পর্যায়ে গ্রুপভিত্তিক গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতা অনুষ্ঠানের দিন অভিভাবকসহ মুক্তিযোদ্ধা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও পেশাজীবীদের আমন্ত্রণ জানানো হবে।

৪. 'বিজয় ফুল' প্রতিযোগিতার একটি স্লটে (১ ঘন্টা) ছাত্র-ছাত্রীরা শ্রেণিভিত্তিক ব্যক্তিগতভাবে এক বা একাধিক শাপলা ফুল তৈরি করবে। ফুলের উল্টো পিঠে নাম, শ্রেণি, রোল নম্বর ও বিদ্যালয়ের নাম লিখতে হবে। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী পুরস্কৃত হবেন। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীর ফুল নিয়ে গ্রুপভিত্তিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। গ্রুপভিত্তিক প্রতিযোগিতায়ও ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী ফুল নির্মাতাকে পুরস্কার প্রদান করা হবে।

৫. শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিযোগিতায় গ্রুপভিত্তিক ১ম স্থান অধিকারীগণ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

৬. শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ের প্রতিযোগিতার ন্যায় উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী ফুল প্রস্তুতকারী পুরস্কৃত হবেন। শ্রেণিভিত্তিক প্রতিযোগিতায় প্রস্তুতকৃত শাপলা ফুলসমূহ ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত প্রতিটি শ্রেণিকক্ষের সামনে সাজিয়ে রাখা হবে।

৭. প্রস্তুতকৃত শাপলা ফুলের পাঁপড়ি হবে সাতটি। সবুজ জমিনে সাদা রং-এর ম্যাটেরিয়ালে এ ফুল তৈরি করতে হবে। ফুলের দৈর্ঘ্য হবে ছয় সেন্টিমিটার। আনুপাতিকভাবে প্রস্থ নির্ধারিত হবে।

৮. কাগজ, কাপড়, প্লাস্টিক শিটসহ অন্য যে কোনো সামগ্রী ব্যবহার করে এ ফুল তৈরি করা যাবে।

৯. বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত ফুলসমূহ পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সংরক্ষিত থাকবে। অন্যান্য ফুল বিক্রি হতে পারে।

১০. ফুল বিক্রি থেকে প্রাপ্ত অর্থ অস্বচ্ছল মুক্তিযোদ্ধা এবং বিশেষ শিশুদের কল্যাণে ব্যবহার করা হবে।

১১. দলগত প্রতিযোগিতায় একটি দলে সর্বোচ্চ ০৬ (ছয়) জন শিক্ষার্থী থাকতে পারে।

(ঝ) **মুক্তিযুদ্ধভিত্তিক গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয় এবং চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতা**

১. বিজয় ফুল তৈরির প্রতিযোগিতার ন্যায় গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, একক অভিনয় ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে।

২. ৩ গ্রুপের নির্বাচিত শ্রেষ্ঠ ৩টি রচনা, ৩০টি কবিতা ও ১৫টি গল্পের সমন্বয়ে 'বিজয় ফুল' শিরোনামে একটি গ্রন্থ প্রকাশ করা হবে। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) এ গ্রন্থ প্রকাশ করবে।

(ঞ) চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতা

১. নবম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধের চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতার আয়োজন করা হবে।

২. পেশাদার/অপেশাদার ক্যামেরা, মোবাইল ফোনসহ যে কোনো ডিভাইস/ফরম্যাটে এই চলচ্চিত্র নির্মিত হতে পারে।

৩. চলচ্চিত্রের বিষয়বস্তু হবে মহান মুক্তিযুদ্ধ ভিত্তিক।

৪. চলচ্চিত্রের দৈর্ঘ্য হবে সর্বনিম্ন এক মিনিট থেকে সর্বোচ্চ তিন মিনিট।

৫. **প্রাথমিকভাবে জেলা পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।**

৬. ১৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ই-মেইলে চলচ্চিত্র জমা দিতে হবে। নির্মিত চলচ্চিত্র পেনড্রাইভ বা ডিভিডি ফরম্যাটেও জমা দেওয়া যাবে।

৭. ২৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে জেলা পর্যায় থেকে বাছাইকৃত শ্রেষ্ঠ চলচ্চিত্র সরাসরি জাতীয় কমিটি কর্তৃক নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে। জাতীয় কমিটি ই-মেইল নির্ধারণপূর্বক জেলা প্রশাসকগণকে অবহিত করবে। **চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতা বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে না।**

৮. তথ্য মন্ত্রণালয় জাতীয় প্রতিযোগিতায় বাছাইকৃত চলচ্চিত্রসমূহ ০১-৩১ ডিসেম্বর ২০১৮ মেয়াদে বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য টেলিভিশনে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

(ট) পুরস্কার

প্রতিযোগিতার প্রতিটি পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে তাদের প্রতিভার স্বীকৃতি হিসাবে প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষরে সনদপত্র দেওয়া যেতে পারে। তবে, প্রতিটি ইভেন্টের গ্রুপভিত্তিক (ক, খ ও গ গ্রুপ) প্রতিযোগিতার ১ম স্থান অধিকারীকে প্রাইজ বন্ড এবং প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষরে সনদপত্র প্রদান করা যেতে পারে।

(ঠ) বিজয় ফুল উৎসব

'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা অনুষ্ঠানের পাশাপাশি ০১-১৬ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে 'বিজয় ফুল উৎসব'-এর আয়োজন করা হবে। এ উৎসবে শিক্ষার্থীরা ফুল তৈরি, বিতরণ ও বিক্রয় করবে।

(ড) 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্ম

এটুআই প্রকল্প 'ফুলবন্ধু' নামে একটি ডিজিটাল প্লাটফর্ম তৈরি করবে। ছাত্র-ছাত্রীগণ এ প্লাটফর্মে যোগ দিয়ে ভার্চুয়াল 'বিজয় ফুল' এবং 'ফুলবন্ধু' গ্রুপ তৈরি করবে।

(ঢ) উৎসব সংগীত ও অন্যান্য সহায়ক কার্যক্রম

১. এটুআই কর্তৃপক্ষ বিজয় ফুল উৎসব/বিজয় ফুল প্রতিযোগিতা উপলক্ষ্যে তৈরি করা থিম সং ব্যবহার করে ৩০-৪০ সেকেন্ড ব্যাপ্তির একটি অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট ০৭ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে তৈরি করবে। প্রস্তুতকৃত অডিও ভিজুয়াল/অডিও কনটেন্ট এটুআই কর্তৃপক্ষ ০৮ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে মাঠ পর্যায়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ, স্যোশাল মিডিয়ায় আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য কপি সরবরাহ করবে।

২. তথ্য মন্ত্রণালয় প্রস্তুতকৃত অডিও-ভিজুয়াল/অডিও কনটেন্ট সরকারি এবং বেসরকারি সকল টেলিভিশন ও রেডিও চ্যানেলে প্রচারের ব্যবস্থা করবে।

৩. বাংলাদেশ টেলিভিশন শিল্পকলা একাডেমি'র সহায়তায় বিজয় ফুল নির্মাণ প্রক্রিয়া/কৌশল সম্পর্কিত ভিডিও ক্লিপ তৈরি করবে। তথ্য মন্ত্রণালয় বিটিভিসহ অন্যান্য চ্যানেলে উক্ত ভিডিও ক্লিপ প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং বিভিন্ন স্যোশাল মিডিয়ায় আপলোড করবে।

৪. 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত টিভিসি/ভিডিও ক্লিপ টেলিভিশন ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাশ-এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার করতে হবে।

৫. জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত মহান বিজয় দিবসের সমাবেশস্থল সাজ-সজ্জার ক্ষেত্রে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত বিজয় ফুল ব্যবহার করা হবে।

৬. মহান বিজয় দিবসে জাতীয় এবং স্থানীয় পর্যায়ে আয়োজিত শিশু-কিশোর সমাবেশে অংশগ্রহণকারীগণ তাদের ইউনিফর্ম/পোশাকে বিজয় ফুল পরিধান করবেন।

৭. দেশব্যাপী সকল পর্যায়ের ছাত্র-ছাত্রী, যুবসহ নাগরিকবৃন্দকে ১-১৬ ডিসেম্বর ছোট আকারের শাপলা ফুল বুকে পরিধান করার জন্য আহ্বান জানাতে হবে। এ বিষয়ে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৮. ব্যক্তি/প্রাতিষ্ঠানিক উদ্যোগেও 'বিজয় ফুল' বানিয়ে বুকে পরিধানের জন্য বিক্রি করা যেতে পারে।

৯. প্রতিযোগিতার বাইরে ছাত্র-ছাত্রীবৃন্দ 'বিজয় ফুল' বানিয়ে বিক্রি করে তহবিল গঠন করতে পারবেন।

০৩। কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য সার্বিক সমন্বয়, জাতীয়, বিভাগীয়, জেলা, উপজেলা পর্যায়ে নিম্নরূপ কমিটিসমূহ গঠন করা হয়েছে:

(ক) সার্বিক সমন্বয় কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | | – সভাপতি |
| ২. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | – সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | | – সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | | – সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | | – সদস্য |
| ৬. | বিভাগীয় কমিশনার, ঢাকা | | |
| ৭. | অতিরিক্ত সচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ | | – সদস্য |
| ৮. | প্রতিনিধি (মহাপরিচালকের নিম্নে নয়), প্রধানমন্ত্রীর কার্যালয় | | – সদস্য |
| ৯. | প্রতিনিধি, অর্থ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – সদস্য |
| ১০. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | | – সদস্য |
| ১১. | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ | | – সদস্য |
| ১২. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | – সদস্য |
| ১৩. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | | – সদস্য |
| ১৪. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | | – সদস্য |
| ১৫. | প্রতিনিধি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | – সদস্য |
| ১৬. | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় | | – সদস্য |
| ১৭. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | | – সদস্য |
| ১৮. | প্রতিনিধি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | – সদস্য |
| ১৯. | প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | | – সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ২০. | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | – | সদস্য |
| ২১. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ২২. | উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজনে সমন্বয়।

(খ) জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।

(গ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

**(খ) কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটি:**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | – | আহ্বায়ক |
| ২. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | | – | সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | | – | সদস্য |
| ৪. | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালকের নিম্নে নয়) | | – | সদস্য |
| ৫. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ৬. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | | – | সদস্য |
| ৭. | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ | | – | সদস্য |
| ৮. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | – | সদস্য |
| ৯. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | | – | সদস্য |
| ১০. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | | – | সদস্য |
| ১১. | প্রতিনিধি, অর্থ বিভাগ | | – | সদস্য |
| ১২. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | | – | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | | – | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় | | – | সদস্য |
| ১৫. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | | – | সদস্য |
| ১৬. | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | | – | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) জাতীয় পর্যায়ে 'বিজয়ের ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(গ) বিভাগীয় কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | – | আহ্বায়ক |
| ২. | ডিআইজি | – | সদস্য |
| ৩. | বিভাগীয় সদরে অবস্থিত সরকারি কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট বিভাগের সকল জেলা প্রশাসক | – | সদস্য |
| ৫. | উপপরিচালক, তথ্য অধিদপ্তর | – | সদস্য |
| ৬. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা | – | সদস্য |
| ৭. | উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | – | সদস্য |
| ৮. | জেলা কালচারাল অফিসার | – | সদস্য |
| ৯. | বিভাগীয় সদরের জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – | সদস্য |
| ১০. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ১১. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | – | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) বিভাগীয় পর্যায়ে 'বিজয়ের ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান।

(গ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(ঘ) জেলা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | – | আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার | – | সদস্য |
| ৩. | কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৪. | জেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৫. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৬. | সরকারি বালক/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | – | সদস্য |
| ৭. | জেলা কালচারাল অফিসার | – | সদস্য |
| ৮. | সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি | – | সদস্য |
| ৯. | জেলা তথ্য কর্মকর্তা | – | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – | সদস্য |
| ১১. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ১২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | – | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) জেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান।

(গ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(ঙ) উপজেলা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | – | আহ্বায়ক |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৩. | উপজেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৪. | কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | – | সদস্য |
| ৬. | মাদ্রাসা/প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিনিধি | – | সদস্য |
| ৭. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ৮. | সহকারী কমিশনার (ভূমি) *[সহকারী কমিশনার (ভূমি)-এর পদ শূন্য থাকলে উপজেলা শিক্ষা অফিসার সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন]* | – | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

২৭/১১/১৮

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ০২-৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
০৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
০৫. সচিব, তথ্য মন্ত্রণালয়।
০৬. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
০৮. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
০৯. সচিব, জননিরাপত্তা বিভাগ।
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১২. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৩. সচিব, অর্থ বিভাগ।
১৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
১৬. মহাপরিচালক, বাংলাদেশ বেতার।
১৭. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।
১৮. বিভাগীয় কমিশনার ... ... ... (সকল বিভাগ)।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি।
২০. প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প।
২১. জেলা প্রশাসক ... ... ... (সকল জেলা)।
২২. উপজেলা নির্বাহী অফিসার ... ... ... (সকল উপজেলা)।

অনুলিপি:

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন/বিধি ও সেবা, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৪. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ

02 OCT 2018

দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ শফিউল আলম<br>মন্ত্রিপরিষদ সচিব |
| তারিখ | : | ২৬ সেপ্টেম্বর ২০১৮, বুধবার |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাকে তিনি অবহিত করেন যে দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা **অক্টোবর-ডিসেম্বর ২০১৮** মেয়াদে সারাদেশে প্রথমবারের মতো অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন মর্মে সভাপতি উল্লেখ করেন। সভাপতির অনুরোধের পরিপ্রেক্ষিতে প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ তাঁদের মতামত ও পরামর্শ ব্যক্ত করেন।

২.০০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

২.০১। প্রতিযোগিতা ১৭ অক্টোবর - ১৩ ডিসেম্বর ২০১৮ সময়ের মধ্যে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/মাঠ-পর্যায়ের অফিসসমূহ কর্তৃক অনুসরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ বিস্তারিত নির্দেশনাসহ একটি পত্র জারি করবে।

২.০২। স্কুল, কলেজ ও মাদ্‌রাসা পর্যায়ে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃশ্রেণি প্রতিযোগিতার মাধ্যমে শুরু হয়ে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে বাছাইকৃত প্রতিযোগীদের মধ্য থেকে চূড়ান্ত প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচন করা হবে।

২.০৩। প্রতিযোগিতা তিনটি স্তরে যথা: গ্রুপ-ক: শিশু থেকে পঞ্চম শ্রেণি, গ্রুপ-খ: ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি এবং গ্রুপ-গ: নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যায়ে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় ছেলে ও মেয়ে উভয়ের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

২.০৪। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে এ কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য যথাযথ নির্দেশনা প্রদান করবে।

২.০৫। 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি তথ্য মন্ত্রণালয় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

২.০৬। সুষ্ঠুভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ অধীনস্ত স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ২০০০/- (দুই হাজার) টাকা করে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে দ্রুত বরাদ্দ প্রদান করবে। উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত অর্থ পুনর্বরাদ্দ করবেন। পরবর্তীতে অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা মোতাবেক ব্যয়িত অর্থ প্রদান করবে।

২.০৭। প্রতিযোগিতার প্রতিটি পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে তাদের প্রতিভার স্বীকৃতি হিসাবে প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষরে সনদপত্র দেওয়া যেতে পারে। তবে, প্রতিটি ইভেন্টের গ্রুপভিত্তিক (ক, খ ও গ গ্রুপ) প্রতিযোগিতার ১ম স্থান অধিকারীকে প্রাইজ বন্ড এবং প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষরে সনদপত্র প্রদান করা যেতে পারে।

২.০৮। অর্থ বিভাগ উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর অনুকূলে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে দ্রুত বরাদ্দ প্রদান

করবে।

২.০৯। জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে।

২.১০। **সকল প্রতিযোগিতা আগামী ১৭ অক্টোবর শিক্ষা প্রতিষ্ঠানে, ২০ অক্টোবর উপজেলা, ২৩ অক্টোবর জেলা এবং ২৭ অক্টোবর ২০১৮ তারিখে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে।**

২.১১। **জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।**

২.১২। **দলগত প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব বিভাগীয় পর্যায়ে এবং একক প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব জাতীয় পর্যায়ে সম্পন্ন হবে।**

২.১২। কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য সার্বিক সমন্বয়, জাতীয়, বিভাগীয়, জেলা, উপজেলা পর্যায়ে নিম্নরূপ কমিটিসমূহ গঠন করা হলো:

(ক) সার্বিক সমন্বয় কমিটি

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | | – | সভাপতি |
| ২. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | – | সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | | – | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | | – | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | | – | সদস্য |
| ৬. | বিভাগীয় কমিশনার, ঢাকা | | – | সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ | | – | সদস্য |
| ৮. | প্রতিনিধি (মহাপরিচালকের নিম্নে নয়), প্রধানমন্ত্রীর কার্যালয় | | – | সদস্য |
| ৯. | প্রতিনিধি, অর্থ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ১০. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | | – | সদস্য |
| ১১. | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ | | – | সদস্য |
| ১২. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | – | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | | – | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | | – | সদস্য |
| ১৫. | প্রতিনিধি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | – | সদস্য |
| ১৬. | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় | | – | সদস্য |
| ১৭. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | | – | সদস্য |
| ১৮. | প্রতিনিধি, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | | – | সদস্য |
| ১৯. | প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | | – | সদস্য |
| ২০. | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | | – | সদস্য |
| ২১. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | | – | সদস্য |
| ২২. | উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | | – | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজনে সমন্বয়।

(খ) জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান।

(গ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(খ) কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটি:

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | – | আহ্বায়ক |
| ২. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন | | – | সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | | – | সদস্য |
| ৪. | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালকের নিম্নে নয়) | | – | সদস্য |
| ৫. | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ৬. | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ৭. | প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ৮. | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ৯. | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ১০. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ১১. | প্রতিনিধি, অর্থ বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ১২. | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ১৩. | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয় | যুগ্মসচিবের নিম্নে নয় | – | সদস্য |
| ১৫. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | | – | সদস্য |
| ১৬. | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | | – | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) জাতীয় পর্যায়ে 'বিজয়ের ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(গ) বিভাগীয় কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | – | আহ্বায়ক |
| ২. | ডিআইজি | – | সদস্য |
| ৩. | বিভাগীয় সদরে অবস্থিত সরকারি কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট বিভাগের সকল জেলা প্রশাসক | – | সদস্য |
| ৫. | উপপরিচালক, তথ্য অধিদপ্তর | – | সদস্য |
| ৬. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা | – | সদস্য |
| ৭. | উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | – | সদস্য |
| ৮. | জেলা কালচারাল অফিসার | – | সদস্য |
| ৯. | বিভাগীয় সদরের জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – | সদস্য |
| ১০. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ১১. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) বিভাগীয় পর্যায়ে 'বিজয়ের ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান।

(গ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) জেলা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | – | আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার | – | সদস্য |
| ৩. | কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৪. | জেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৫. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৬. | সরকারি বালক/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | – | সদস্য |
| ৭. | জেলা কালচারাল অফিসার | – | সদস্য |
| ৮. | সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি | – | সদস্য |
| ৯. | জেলা তথ্য কর্মকর্তা | – | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – | সদস্য |
| ১১. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ১২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) জেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান।

(গ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

(ঙ) উপজেলা কমিটি

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | – | আহ্বায়ক |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৩. | উপজেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৪. | কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ - ০২ জন | – | সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | – | সদস্য |
| ৬. | মাদ্রাসা/প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিনিধি | – | সদস্য |
| ৭. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব ২ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ৮. | সহকারী কমিশনার (ভূমি) *[সহকারী কমিশনার (ভূমি)-এর পদ শূন্য থাকলে উপজেলা শিক্ষা অফিসার সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন]* | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা পর্যায়ে 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আয়োজন।

(খ) **কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।**

৩.০। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৯.১৮

(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৩৯৫

তারিখ: ১২ আশ্বিন ১৪২৫ / ২৭ সেপ্টেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
০৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
০৫. সচিব, তথ্য মন্ত্রণালয়।
০৬. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৭. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
০৮. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
০৯. সচিব, জননিরাপত্তা বিভাগ।
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১২. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১৩. সচিব, অর্থ বিভাগ।
১৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
১৬. মহাপরিচালক, বাংলাদেশ বেতার।
১৭. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।
১৮. বিভাগীয় কমিশনার ... ... ... (সকল বিভাগ)।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি।
২০. প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প।
২১. জেলা প্রশাসক ... ... ... (সকল জেলা)।
২২. উপজেলা নির্বাহী অফিসার ... ... ... (সকল উপজেলা)।

অনুলিপি:

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৩. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন/বিধি ও সেবা, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৪. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২৭/৯/১৮
(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ০২-৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd